

শাবিতে ২৪ হাজার ৬৫ জনের ভর্তিযুদ্ধ

শাবি প্রতিনিধি

শাহজাদালাল বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ে (শাবি) ২০০৭-০৮ শিক্ষাবর্ষে অনার্স ভর্তি পরীক্ষায় রেকর্ডসংখ্যক ফরম বিক্রি করা হয়েছে। ভর্তি ফরম বিক্রি ও অ্যাকাউন্ট খোলার শেষ দিনে বৃহস্পতিবার ২৪ হাজার ৬৫ জন ভর্তিযুদ্ধ শিক্ষার্থীর আবেদনপত্র জমা পড়েছে। ভর্তি পরীক্ষা ১২ ও ১৩ ডিসেম্বর অনুষ্ঠিত হবে। ১২ ডিসেম্বর 'ক' ও 'গ' ইউনিট এবং ১৩ ডিসেম্বর 'খ' ও 'ঘ' ইউনিটের ভর্তি পরীক্ষা অনুষ্ঠিত হবে।

এবার শাবিতে ১ হাজার ২০০ জন শিক্ষার্থী ভর্তি করানো হবে। যার বিপরীতে ফরম জমা পড়েছে ২৪ হাজার ৬৫টি। গতবারের তুলনায় এবার ৮ হাজার ২৮৫টি ফরম বেশি বিক্রি হয়েছে। প্রতিটি আসনের বিপরীতে গড়ে ২০ জন শিক্ষার্থী ভর্তিযুদ্ধে অংশ নেবে। বিশ্ববিদ্যালয়ের সূত্র মতে, 'গ' ইউনিটে এবার সবচেয়ে বেশি প্রতিযোগী অংশ নিচ্ছে। এ ইউনিটে ১২০টি আসনের বিপরীতে ৩ হাজার ৮৪৮টি ফরম বিক্রি হয়েছে। ফলে ১ আসনের বিপরীতে এ ইউনিটে ভর্তি যুদ্ধে অংশ নেবে ৩২ জন

শিক্ষার্থী। এ ইউনিটের অভ্যন্তর বিষয়গুলো হল— ফরেস্ট্রি (৩০টি আসন), কয়েম্পিউটারসি (৩০টি আসন), ফুড এন্ড টি টেকনোলজি (৩০টি আসন) ও জেনেটিক্স (৩০টি আসন)। 'ঘ' ইউনিটে ২৭০টি আসনের বিপরীতে ৮ হাজার ১২৩টি ফরম বিক্রি করা হয়েছে। ফলে ১ আসনের বিপরীতে এ ইউনিটে ভর্তিযুদ্ধে অংশ নিচ্ছে ৩০ জন শিক্ষার্থী। এ ইউনিটের অভ্যন্তর বিষয়গুলো হল— কম্পিউটার সায়েন্স (৬০টি আসন), কেমিক্যাল ইঞ্জিনিয়ারিং এন্ড পলিমার সায়েন্স (৫০টি আসন), ইন্ডস্ট্রিয়াল এন্ড প্রোডাকশন ইঞ্জিনিয়ারিং (৫০টি আসন), সিভিল এন্ড এনভায়রনমেন্টাল ইঞ্জিনিয়ারিং (৫০টি আসন), পেন্টোপ্ল্যান এন্ড ডিজাইন ইঞ্জিনিয়ারিং (৩০টি আসন) ও আর্কিটেকচার (৩০টি আসন)। 'খ' ইউনিটে ৫৮০টি আসনের বিপরীতে ৮ হাজার ৬৯৪টি ফরম বিক্রি করা হয়েছে। ফলে ১ আসনের বিপরীতে এ ইউনিটে ভর্তিযুদ্ধে অংশ নিচ্ছে ১৫ জন শিক্ষার্থী। এ ইউনিটের অভ্যন্তর বিষয়গুলো হল— ভর্তিযুদ্ধ : পৃষ্ঠা ২ : কলাম ৮

ভর্তিযুদ্ধ : শাবিতে

(০৪ পৃষ্ঠার পর)

সোলপ্রশাসন, পলিটিক্যাল স্টাডিজ, অর্থনৈতিক, সমাজবিজ্ঞান, সমাজকর্ম, ব্যবসায় প্রশাসন, ইংরেজি, বাংলা ও নৃ-বিজ্ঞান। ওমু বাংলা (৬০টি আসন) বাদে বাকি সবগুলো বিভাগে ৬৫টি করে আসন রয়েছে। 'ক' ইউনিটে ২৬০টি আসনের বিপরীতে ভর্তি ফরম বিক্রি করা হয়েছে ২ হাজার ৪৬৫টি। ফলে ১ আসনের বিপরীতে এ ইউনিটে ভর্তিযুদ্ধে অংশ নিচ্ছে ১০ জন শিক্ষার্থী। এ ইউনিটের অভ্যন্তর বিষয়গুলো হল— রসায়ন (৬০টি আসন), পদার্থবিজ্ঞান (৬০টি আসন), গণিত (৭০টি আসন) ও পরিবেশবিজ্ঞান (৭০টি আসন)।